

করোনার কড়চা

মহামারির আলোআঁধারিতে বাংলার মুখচ্ছবি



সম্পাদনা
অন্তরা মুখার্জী

২৭৫ 'আশা' দিদিদের ঘরে বাইরের রোজনামটা
সাবির আহমেদ

২৮২ আমার সম্ভান যেন থাকে জালে কুলে
অম্বরা মুখার্জী

২৯১ নিছক গল্পের জন্ম
সুকান্ত দে

৩১১ কোভিড কালে সোশ্যাল মিডিয়া : একটি আলোচনা
সম্রাট লস্কর

৩২০ অতিমারি, কমিক্স, অ্যানিমেশন ও দুই বাঙালী
পিনাকী দে

৩২৯ আমরা মিম বানাব না? বানাব না আমরা মিম?
সৌমেন চট্টোপাধ্যায়

৩৩৬ বই পাড়া : বন্দি বইয়ের মেলা
জয়দীপ লাহিড়ী ও সুরঞ্জনা ভদ্র

৩৪৩ বধ্যভূমির মাঝখানে
রজতাভ দত্ত

৩৫৪ কোভিড আক্রান্ত বাংলা টেলিভিশনের মেগাসিরিয়াল
রাজা সেন

৩৫৮ থিয়েটারের বিপন্নতা
শম্পা সেন

৩৬৮ 'তোমায় গান শোনাব' : অতিমারি আবহে সংগীত জগৎ
সেঁজুতি গুপ্ত

৩৭১ করোনায় প্রকট গ্রুপ থিয়েটারের অসাম্যতা : সংকটে থিয়েটারজীবীরা
বিপ্লব বন্দ্যোপাধ্যায়

৩৯৫ করোনা, নির্বাচন এবং 'বোরডম', মৃত্যু আর তেমন উদ্বেজক নয়
অর্ক ভাদুড়ি

৪০০ এই সময় বেঁধে বেঁধে থাকার সময়
ঋদ্ধি রিত

৪০৭ নদীর ধারে বাস, চিন্তা বারো মাস : আশায় বাঁধি শ্বাস
অরিজিৎ মুখার্জী

৪১৫ করোনার দিনগুলি রাতগুলি

থিয়েটারের বিপন্নতা

শম্পা সেন

১

The theatre is the only institution in the World, which has been dying for four hundred years, and has never succumbed— John Ernest Steinbeck

থিয়েটার সম্পর্কে বলা আমেরিকান লেখক জন স্টেইনবেকের এই উচ্চারণ কী নিতান্তই আজ মিথ? নাকি শিল্পী - শিল্প - সমাজ - রাজনীতি - অর্থনীতির মিথস্ক্রিয়ায় তৈরি নাট্য বা থিয়েটার নামক অভিনয় শিল্পের (Performing Art) অস্তিত্ব আজ একেবারেই বিপন্ন? সাম্প্রতিক বিশ্বের সভ্যতার সংকট আমাদের এই প্রশ্নের মুখোমুখি এনে দাঁড় করিয়ে দিচ্ছে।

নাটক একমাত্র সাহিত্য আঙ্গিক, যার ইতিহাস পৃথিবীর সব দেশেই আদ্যন্ত চর্চিত হয়েছে অভিনয় শিল্প বা Performing Art হিসেবে এবং নানা দেশে, নানা কালেই। রাষ্ট্রের রাজনৈতিক মানচিত্রে দর্শকের সঙ্গে অন্যতম 'সংযোগস্থাপনকারী মাধ্যম' বা 'কমিউনিকোটিভ মিডিয়া' হিসাবে। আমাদের প্রত্যাশা নাট্যসাহিত্যের থেকেও উপস্থাপনযোগ্য নাট্য বা থিয়েটারের কাছে অনেক বেশি।

অথচ এই থিয়েটারই আজ বিপন্ন। একটি ভয়ংকর মারণ ভাইরাস কোভিড ১৯ সমস্ত বিশ্বের আর্থসামাজিক সাংস্কৃতিক মানচিত্রকে সম্পূর্ণ বিধ্বস্ত করে দিয়ে মানব সভ্যতার মৃত্যুমিছিলের সঙ্গে যোগ করে দিল অস্তিত্ব রক্ষার হাহাকার। জীবন জীবিকা শিল্প শিল্পী সমস্ত বিশ্বজুড়ে তথাকথিত নিউ নরমাল প্রবণতাকেই মানিয়ে চলতে শুরু করেছিল ২০২০ সালের মাঝামাঝি সময় থেকে। কিন্তু এই নিউ নরমাল-ই জীবন জীবিকার